

প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে তৈরি হচ্ছে নতুন কাশ্মীরঃ অমিত শাহ

নয়াদিল্লি, ২৩ জুন : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে তৈরি হচ্ছে নতুন কাশ্মীর। জোর দিয়ে বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শুক্রবার জম্মুর ভগবতী নগর এলাকায় এক সমাবেশে ভাষণ দেওয়ার সময় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, জম্মু ও কাশ্মীরে প্রত্যেক নাগরিককে বিনামূল্যে ৫ লক্ষ টাকার স্বাস্থ্য বীমা দেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে নতুন কাশ্মীর তৈরি হচ্ছে।তিনি আরও বলেছেন, অনুচ্ছেদ ৩৭০ জম্মু ও কাশ্মীরের উন্নয়নে একটি বড় বাধা ছিল এবং সেটি বাতিল করা জম্মু ও কাশ্মীরকে ইউনিয়নের সঙ্গে সম্পূর্ণ একীকরণ নিশ্চিত করেছে। শ্যামাপ্রসাদ মুখার্জি এবং পণ্ডিত শ্রেম নাথ ডোগরার স্বপ্ন পূরণ করে এই অঞ্চলে অভূতপূর্ব উন্নয়ন নিশ্চিত করা হয়েছে। এদিন জম্মুর ভগবতী নগরের ত্রিুকটা নগর এলাকায় জনসময়ের প্রতিষ্ঠাতা শ্যামা প্রসাদ মুখার্জির মূর্তির ওপর পুষ্পস্তবক অর্পণের পর এক সমাবেশে ভাষণ দেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।তিনি আরও বলেন, এনডিএ সরকারের নয় বছরে সন্ত্রাসী কর্মকাণ্ড ৭০ শতাংশ কমেছে। তিনি বলেন, এখন আর হরতাল ও পাথর নিক্ষেপের ঘটনা নেই এবং তরুণরা এখন হাতে ল্যাপটপ ধরে নিজেদের ভবিষ্য গড়ছে। তিনি বলেন, ২৮ হাজার যুবককে সরকারি চাকরি দেওয়া হয়েছে এবং ৫১ হাজারটি সরকারি পৃষ্ঠপোষকতায় ‘স্ব-কর্মসংস্থান উইনিটের মাধ্যমে ৭০ হাজারের বেশি যুবক নিজেদের জীবিকা নির্বাহ করছে।উল্লেখ্য, আমর লোকসভা নির্বাচনের আগে নিজেদের মধ্যে রণকৌশল ঠিক করতে বিহারের রাজধানী পাটনায় এদিন বৈঠকে বসেছে ১৫টির বেশি বিরোধী রাজনৈতিক দল। সেই বৈঠকে কটাক্ষ করে অমিত শাহ বলেছেন, ‘ পাটনায় একটি ফটো সেনান চলছে। তারা (বিরোধীরা) প্রধানমন্ত্রী মোদী এবং এনডিএ-কে চ্যালেঞ্জ জানাতে চায়। আমি তাদের বলতেচাই ২০২৪ সালে ৩০০টিরও বেশি আসনে জিতে প্রধানমন্ত্রী হবেন মোদীজি।

পাক অধিকৃত কাশ্মীর থেকে অনুপ্রবেশের চেষ্টা বানচাল


শ্রীনগর, ২৩ জুন : পাকিস্তান অধিকৃত জম্মু ও কাশ্মীর (পিওজকে) থেকে ভারতীয় ভূখণ্ডে অনুপ্রবেশের চেষ্টা করছিল ৪ সন্ত্রাসবাদী, কিন্তু সেনাবাহিনী ও পুলিশের যৌথ অভিযানে ওই ৪ জঙ্গি মারা পাচ্ছে। সুরক্ষা বাহিনী বানচাল করে দিল অনুপ্রবেশের চেষ্টা। শুক্রবার জম্মু ও কাশ্মীরের কুপাওয়ারা জেলার মাহিল স্টেক্টরের কলা জঙ্গলে ওই চার জঙ্গিকে নিশেপ করলে পুলিশ ও সেনাবাহিনী।জম্মু ও কাশ্মীর পুলিশ জানিয়েছে, পাক অধিকৃত কাশ্মীর দিয়ে ভারতে অনুপ্রবেশের চেষ্টা করছিল ওই জঙ্গিরা।

ট্রাকের টাকায় পৃষ্ঠ হয়ে মৃত্যু হল এক গৃহবধুর

মালদা,২৩জুনট্রাকের টাকায় পৃষ্ঠ হয়ে মৃত্যু হল এক গৃহবধুর।শুক্রবার এই ঘটনাকে কেন্দ্র করে বেশ চাঞ্চল্য ছড়ালে মালদার রত্নরা দুই রকের সম্মলপুর অঞ্চলের ডাঙ্গা মোড় এলাকায়ট্রাক এবং বাইকের সংঘর্ষ হতেই ট্রাকের চাকার নিচে পড়ে যাই ওই গৃহবধূ। ঘটনাকে কেন্দ্র করে এলাকা জুড়ে চাঞ্চল্য ছড়িয়ে পড়তেই কুমারগঞ্জ নৌগোলা রাজ্য সড়কে যান চলাচল শুরু হয়ে যায়।তাড়িঘড়ি পুখুরিয়া থানার পুলিশ পৌঁছে ট্রাক এবং ট্রাক চালককে আটক করেছে। এদিকে দেহ মামলাতদন্তে পাঠায় পুলিশ।স্থানীয় সূত্রে জানা গেছে মৃত গৃহবধুর নাম,রেণুকা রিবি। ঘটনাই গুরুতর আহত হয়েছেন মোটরবাইকে থাকা তার স্বামী রমণীশ। কে ও একটি সন্তান অডাডাঙ্গা হাসপাতালে চিকিৎসাধীন। সম্মলপুর অঞ্চলের রামচন্দ্রপুর এলাকার বাসিন্দা তারা। মোটরবাইকে কোরে শিশুর বাড়ি ধোনাইপুর যাচ্ছিলেন।সেই সময় ডাঙ্গা মোড় এলাকায় একটি ট্রাককে পাস করতে গিয়ে মোটরবাইকের সংঘর্ষ হয়ে যায়। ঘটনায় মোটর বাইকের সকলেই রাস্তার উপরে পড়ে যান। তখনই ওই গৃহবধুর ওপর দিয়ে ট্রাকের চাকা চলে যায়।মুহুর্তের মধ্যে এলাকা জুড়ে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। স্থানীয়দের সহযোগিতায় আহত স্বামী ও সন্তানকে হাসপাতালে ভর্তি করা হয়। অন্যদিকে পুখুরিয়া থানার পুলিশ পৌঁছে দেহ উদ্ধারের সাথে যান চলাচল স্বাভাবিক করে।

টাইটানের সব যাত্রীই মৃত, ধ্বংসাবশেষ খুঁজে পাওয়ার পরে জানাল আমেরিকার উপকূলরক্ষী বাহিনী

নিউইয়র্ক, ২৩ জুন : অভিযাত্রীরা হয়তো বেঁচে থাকতে পারেন, সেই আশায় চলছিল খোঁজ। নামানো হয়েছিল রোবটও। কিন্তু ধ্বংসাবশেষ খুঁজে পাওয়ার পরেই সেই আশা শেষ হয়ে গেল। টাইটানিকের মতো অতলাস্তিক কাগরের গভীরেই সলিল সমাধি হল নিখোঁজ হয়ে যাওয়া ডুবোযান টাইটানের। ওই যানের সকল অভিযাত্রীকেই মৃত বলে ঘোষণা করল আমেরিকার উপকূল রক্ষী বাহিনী এবং টাইটানিকের ধ্বংসাবশেষ দেখতে নিয়ে যাওয়া সংস্থা ‘টাইটানিকের ধ্বংসাবশেষ দেখতে সমুদ্রের গভীরে নামার পর নিখোঁজ হয়ে যাওয়া ডুবোযানের পাঁচজন অভিযাত্রীই মৃত্যু হয়েছে বলে মার্কিন উপকূলরক্ষী বাহিনী জানিয়েছে। সমুদ্রতলের ২ মাইল নিচে টাইটানিকের ধ্বংসাবশেষে থেকে প্রায় ১৬০-শো ফুট দূরে ডুবো যানটির



পাঁচটি অংশ দেখতে পাওয়ার কথা গতকাল জানিয়েছেন রিয়ার অ্যাডমিরাল জন মগার। টাইটান নামে ওই ডুবোযানটির সঙ্গে ভূপৃষ্ঠের সংযোগ গড় রবিবার বিচ্ছিন্ন হয়ে যাওয়ার পরই সমুদ্রের অতলে বিস্ফোরণের শব্দ শুনতে পেয়েছিল

মার্কিন নৌসেনা। জলরাশির প্রবল চাপই এই দুর্ঘটনার কারণ বলে মনে করা হচ্ছে। দুর্নয়নস্থিত একটি যানের সাহায্যে টাইটানের ধ্বংসাবশেষের খোঁজ মেলে। পাঁচ জনের পরিবারের প্রতি মার্কিন তটরক্ষী বাহিনীর পক্ষ

থেকে গভীর সমবেদনা জানানো হয়েছে। ডুবোযানটিতে ছিলেন ব্রিটেনের কোচিপতি ব্যবসায়ী হামিশ হার্ডিং, পাকিস্তানের ব্যবসায়ী শাহজাদা দাউদ এবং তাঁর পুত্র সুলেমান, ওশানগেট সংস্থার মুখ্য আধিকারিক স্টকটন রাশ এবং ফরাসি নাবিক পল হেনরি নারজিওল্ট। আমেরিকার উপকূলরক্ষী বাহিনীর দাবি, সমুদ্রের গভীরে একেবারে ‘দুমডে মুচডে’ গিয়েছে ডুবোযানটি। ২২ ফুটের ডুবোযানটির পাঁচটি টুকরো হলে গিয়েছে। সেগুলিরও খোঁজ মিলেছে। কিন্তু পাঁচ অভিযাত্রীর দেহের কোনও হদিস মেলেনি। তাঁদের দেহ উদ্ধারের সম্ভাবনাও ক্রমে ক্ষীণ হয়ে আসছে বলেও জানিয়েছে উপকূলরক্ষী বাহিনী।

লাইন দিয়ে মোদীর অটোগ্রাফ নিলেন মার্কিন কংগ্রেসিরা, প্রধানমন্ত্রীর সঙ্গে তুললেন সেনফিও

ওয়াশিংটন, ২৩ জুনঃপ্রধানমন্ত্রী নরে ৪৫ মোদীর অটোগ্রাফ নেওয়ার জন্য লাইন দিতে দেখা গেল মার্কিন কংগ্রেসিদের। প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে মার্কিন কংগ্রেসিরা তুললেন সেনফিও। ভারতীয় সময় অনুযায়ী শুক্রবার ভোররাতে মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

রিপ্রেজেন্টেটিভ থেকে বেরোন প্রধানমন্ত্রী মোদী। মার্কিন কংগ্রেসে বক্তব্য রাখার সময় প্রধানমন্ত্রী বলছিলেন, এটা সত্যিই সম্মানের বিষয়। নিজের বক্তব্যে ভারত-আমেরিকা দ্বিপাক্ষিক সম্পর্কের ভবিষ্যতের বিষয়েও উল্লেখি তোলা শেষে সকলের উদ্দেশে হাত নেড়ে হাউস অফ

আইনপ্রণেতাদের দেখা যায়, করতালি দিয়ে, উঠে দাঁড়িয়ে প্রধানমন্ত্রীর বক্তব্যকে সমর্থন করতে। মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনে ভাষণ দেওয়ার পরই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সেনফি এবং তাঁর অটোগ্রাফ নেওয়ার জন্য মার্কিন কংগ্রেসের সদস্যদের সারিবদ্ধ হতে দেখা যায়।

বিএনপি-জামায়াতের বিরুদ্ধে দেশবাসীকে সতর্ক থাকার আহবানঃপ্রধানমন্ত্রী শেখ হাসিনার



বাংলাদেশের ব্যাপক আর্থ-সামাজিক উন্নয়নের কথা তুলে ধরে তিনি বলেন, ‘ আওয়ামী লীগ যখনই ক্ষমতায় আসে তখনই দেশবাসীর ভাগ্য বদলে যায়।’প্রধানমন্ত্রী বলেন, ২০০৮, ২০১৪ এবং ২০১৮ সালের নির্বাচনে দেশবাসী আওয়ামী লীগের নির্বাচনী প্রতীক ‘ ভোট দিয়ে ক্ষমতায় এনেছে এবং ২০০৯ সাল থেকে বিগত সাড়ে ১৪ বছরে দেশকে ধ্বংস করবে। তাই দলগুলোর বিরুদ্ধে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান।ছি।’

লোকসভার ভোটের আগে রণকৌশল ঠিক করল বিরোধীরা, পাটনায় বৈঠক ১৫টির বেশি দলের

পাটনা, ২৩ জুন :আমর লোকসভা নির্বাচনের আগে নিজেদের মধ্যে রণকৌশল ঠিক করতে বিহারের রাজধানী পাটনায় বৈঠকে বসল ১৫টির বেশি বিরোধী রাজনৈতিক দল। শুক্রবার দুপুরে পাটনার আরে মার্গে বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের সরকারি বাসভবনে বৈঠক শুরু হয়। এই বৈঠকে আরজেডি-

র প্রতিনিধিত্ব করেন বিহারের উপ-মুখ্যমন্ত্রী তেজস্বী প্রসাদ যাদব। তৃণমূল কংগ্রেসের মমতা বন্দ্যোপাধ্যায়, ঝাড়খণ্ড মুক্তি মোর্চার হেমন্ত সোহেন, ডিএমকে-র এম কে স্ট্যালিন, আম আদমি পাটির অরবিন্দ কেজরিওয়াল এবং ভগবন্ত নান প্রমথ বৈঠকে উপস্থিত ছিলেন। কংগ্রেস নেতা রাহুল গান্ধী এবং তাঁর

দলের সভাপতি মল্লিকার্জুন খাডগেও উপস্থিত ছিলেন বৈঠকে। বৈঠকে হাজির হল লালু প্রসাদ যাদবও।জেডি ইউ), আরজেডি এবং কংগ্রেস এই সভা আহ্বানের মূলে রয়েছে, কারণ তারা বিহারে মহাজোট সরকারের নেতৃত্ব দিচ্ছে। বৈঠকে সাক্ষরবাদী পাটি’র অখিলেশ যাদব, এনসিপি-র শরদ

২০২৪-এ ফের প্রধানমন্ত্রী হবেন মোদীজিঃনিত্যানন্দ রাই একই দাবি বিজয় কুমার সিনহারও


নয়াদিল্লি, ২৩ জুন :পাটনা, ২৩ জুন :পাটনায় নীতীশ কুমারের আহ্বানে বিরোধীদের বৈঠকের তীব্র সমালোচনা করলেন কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা নিত্যানন্দ রাই। নীতীশকে আক্রমণ করছেন বিহারের বিরোধী দলনেতা বিজয় কুমার সিনহাও। উভয়েই দাবি করে বলেছেন, ২০২৪-এ ফের

প্রধানমন্ত্রী হবেন মোদীজি। ২০২৪ সালের লোকসভা নির্বাচনে বিজেপির বিরুদ্ধে লড়াইয়ের জন্য একটি যৌথ কৌশল তৈরি করতে ১৫টিরও বেশি বিরোধী দল শুক্রবার বৈঠক করেছে।এই বৈঠকের সমালোচনা করে কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা নিত্যানন্দ রাই বলেছেন, অনেক প্রতিযোগীই

দুর্নীতিগ্রস্তদের সমর্থন করেন না। কংগ্রেস পরাজিত হয়েছিল, তারপর আরজেডি (লালু যাদব) নিজস্ব ক্ষমতা হারিয়েছিল, এবং এখন নীতীশ কুমারের সময়। তিনি মুখ্যমন্ত্রী পদ হারাবেন এবং শূন্য আসন পাবেন। ২০২৪ সালে প্রধানমন্ত্রী আবার সরকার গঠন করবেন।

সংক্রমণ কমে মাত্র ৫১ ভারতে সক্রিয় রোগী নিরন্তর নিম্নমুখী, মৃত্যু আরও দু’জনের

নয়াদিল্লি, ২৩ জুন :ভারতে করোনার দৈনিক সংক্রমণ আরও কিছুটা কমে গিয়েছে, বিগত ২৪ ঘণ্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন মাত্র ৫১ জন। বৃষ্পতিবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যু হয়েছে দু’জনের। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে



১,৭১২-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন

ভারতে। দু’জনের মৃত্যুর পর এবার মৃত্যু হয়েছে ৫,৩১,৯০২ জনের।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সূস্থ হয়েছেন ৪,৪৪,৬০,২০৩ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। বিগত ২৪

ঘণ্টায় টিকা পেয়েছেন ০০,৪১৩ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৭,৩৫,৭৫৫ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২২ জুন সারা দিনে ভারতে ৪৮,৭৩৩ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যান্বেল টেস্ট করা হয়েছে।

সন্ত্রাসবাদ মোকাবিলা করার ক্ষেত্রে কোনও অজুহাত থাকতে পারে না, সন্ত্রাস মানবতার শত্রুঃপ্রধানমন্ত্রী



ওয়াশিংটন, ২৩ জুন :সন্ত্রাসবাদ মানবতার শত্রু, তাই সন্ত্রাসের মোকাবিলা করার ক্ষেত্রে কোনও প্রকার যদি-কিন্তু থাকতে পারে না। মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনে এই বার্তা দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, সন্ত্রাসের পৃষ্ঠপোষক এবং রফতানিকারী সমস্ত শক্তিকে আমাদের অবশ্যই কাটিয়ে উঠতে হবে। ভারতীয় সময় অনুযায়ী, শুক্রবার ভোররাতে মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রতেই তিনি বলছেন, মার্কিন কংগ্রেসে ভাষণ দেওয়া সর্বদাই বিরাট সম্মানের বিষয়। এই সম্মানের জন্য, আমি ভারতের ১.৪ বিলিয়ন জনগণের প্রতি আমার গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। প্রধানমন্ত্রী মোদী বলেছেন, বিগত কয়েক বছরে কৃত্রিম বুদ্ধিমত্তায় অনেক অগ্রগতি হয়েছে। একই সময়ে আমেরিকা এবং ভারতেও আরও উল্লেখযোগ্য উন্নয়ন হয়েছে। মোদী বলেছেন, গণতন্ত্র আমাদের পবিত্র এবং ভাগ করে নেওয়া মূল্যবোধের একটি। ইতিহাস জুড়ে একটি বিষয় পরিস্কার, গণতন্ত্র হল সেই চেতনা যা সমতা ও মর্যাদাকে সমর্থন করে। গণতন্ত্র হল সেই ধারণা যা বিতর্ক এবং বক্তৃতাকে স্বাগত জানায়। গণতন্ত্র হল সেই সংস্কৃতি যা চিন্তা ও ভাব প্রকাশকে ডানা প্রদান করে। অনাদিকাল থেকে এমন মূল্যবোধ পেয়ে ভারত ধনী। ভারত গণতন্ত্রের জননী। প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, গত বছর স্বাধীনতার ৭৫ বছর উদযাপন করেছে ভারত। প্রতিটি মাইলফলক গুরুত্বপূর্ণ, তবে এটি বিশেষ ছিল। হাজার বছরের বিদেশী শাসনের পর আমরা ৭৫ বছরের স্বাধীনতার একটি অসাধারণ যাত্রা উদযাপন করছি। এটি কেবল গণতন্ত্রের উদযাপনই নয়, বৈচিত্র্যেরও ছিল। মোদী বলেছেন, ভারত হল বিশ্বের সমস্ত বিশ্বাসের আবাসস্থল এবং আমরা সেগুলিকে উদযাপন করি। ভারতে বৈচিত্র্য একটি স্বাভাবিক জীবনধারা, এখন বিশ্ব ভারত সম্পর্কে আরও বেশি করে জানতে চায়।

দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত মোদী ও বাইডেন, সন্ত্রাসবাদ ও চরমপন্থা-সহ নানা বিষয়ে আলোচনা

ওয়াশিংটন, ২৩ জুন : আমেরিকার ওয়াশিংটনে সে দেশের প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। নরেন্দ্র মোদী বলেছেন, ভারত ও আমেরিকা সন্ত্রাসবাদ ও চরমপন্থার বিরুদ্ধে লড়াইয়ে কাঁধে কাঁধ মিলিয়ে চলছে। আন্তর্সীমান্ত সন্ত্রাসবাদ বন্ধ করার ক্ষেত্রে সমন্বিত পদক্ষেপ নেওয়া প্রয়োজন বিষয়ে উভয় নেতাই সহমত হয়েছেন। মোদী ও মার্কিন রাষ্ট্রপতি জো বাইডেন, ওয়াশিংটন ডিসির হোয়াইট হাউসে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। ভারত-মার্কিন সম্পর্কের সমস্ত দিক তাঁরা পর্যালোচনা করেন।এই দ্বিপাক্ষিক বৈঠক প্রসঙ্গে বিদেশমন্ত্রকের মুখপাত্র জেরিভা বাগটি জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন বর্ধিত বিন্যাসে দ্বিপাক্ষিক আলোচনা করেছেন। বাণিজ্য ও বিনিয়োগে, প্রতিরক্ষা ও নিরাপত্তা, বিজ্ঞান ও প্রযুক্তি, স্বাালীন, জলবায়ু কর্ম, শিক্ষা, স্বাস্থ্য এবং দুই দেশের মধ্যে জনগণের মধ্যে সম্পর্ক-সহ দ্বিপাক্ষিক সহযোগিতার বিস্তৃত ক্ষেত্রগুলিকে এজেন্ডায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

মেসির অভিষেক ম্যাচের টিকিটের দামে ‘আগুন’!

মায়ামি, ২৩ জুন :আগামী ২১ জুলাই ডিভিআর পিএনকে স্টেডিয়ামে লিগস কাপে মেক্সিকান দল ক্রুজ আজুলের বিপক্ষে অভিষেক হতে পারে মেসিরা। এরপরই এই ম্যাচের টিকিটের দামে যেন আগুন লেগেছে! যে টিকিটের দাম ছিল ২৯ ডলার (৩১৩৩ টাকা), সেটিই বেড়ে দাঁড়িয়েছে ৩২৯ ডলার (৩৫৪৫৪ টাকা)। নিউয়্যর্কের টিকিটস অনলাইন বাজার নিয়ন্ত্রণকারী প্ল্যাটফর্ম টিক্‌পিক এই তথ্য জানিয়েছে।অনলাইনে রিসেল প্ল্যাটফর্ম ‘ভিভিস সিটস’-এর তথ্য বলছে, মায়ামিতে মেসির সম্ভাব্য অভিষেক ম্যাচের টিকিট তাঁর ঘোষণার পর ৪০ ডলার থেকে বেড়ে ৫০০ ডলার হয়েছিল। এখন সেই টিকিটই ১১০০ ডলারের মতো পাওয়া যাচ্ছে না! ভারতীয় মদ্রায় এই টিকিটের দাম প্রায় ১ লাখ ১৮ হাজার ২৫৩ টাকা। অনলাইনে টিকিট বিক্রির আরেকটি প্ল্যাটফর্ম সিটিগিট জানিয়েছে, গত বৃধবার সকালে মায়ামির এই ম্যাচের টিকিট সর্বনিম্ন ১০৬০ ডলারে বিক্রি হয়েছে। টিকিট বিক্রির আরেকটি প্ল্যাটফর্ম গেম টাইম জানিয়েছে, তাদের সাইটে এই ম্যাচের টিকিট সর্বনিম্ন ১০৩০ ডলারে বিক্রি হয়েছে।

শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের ১৫৮ তম জন্মজয়ন্তী



ঢাকাঃবৌদ্ধধর্মের পূনর্জাগরণের অগ্রদূত তথা ধর্মাক্ষুর সভা ও বিহারের প্রতিষ্ঠাতা প্রাতঃসুরণীয় কর্মযোগী শ্রীমৎ কৃপাশরণ মহাস্থবির মহোদয়ের ১৫৮ তম জন্মজয়ন্তী যথাযথ মর্যাদা সহকারে পালিত হয়। দ্বাদশ কৃপাশরণ স্মারক বক্তৃতা ২০২৩, প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শনবিভাগের সন্মানিত অধ্যাপক ড. এম. মতিউর রহমান।কৃপাশরণ স্মারক উপহার ২০২৩, প্রদান করা হয় কলকাতার বিশিষ্ট চিকিসক ডা়বীরেশ কুমার চৌধুরী যিনি দীর্ঘদিন বঙ্গন্ধু নাগরিকদের চিকিসা ও স্বাস্থ্যসেবা সহ প্রত্যন্ত স্্রদেবরবণ এলাকায় স্বাস্থ্য,সামাজিক এবং অর্থনৈতিক উন্নতির জন্য নিরলস বাচো নামে প্রতিষ্ঠানের মাধ্যমে কাজ করে চলেছেন।প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, ঐতিহ্যের স্থপতিকে বাঙালি বৌদ্ধ সমাজে ‘স্মরণীয় ও বরণীয় করে রাখতে, ২০০৯ সাল থেকে আচার্য হেমেদুর্বিপাক চৌধুরী সভার সাধারণ সম্পাদক থাকাকালীন প্রবর্তিত করেন এই কৃপাশরণ স্মারক বক্তৃতা ও কৃপাশরণ স্মারক উপহার।প্রধান অতিথির আসন অলংকৃত করেন মাননীয় আদালিহ ইলিয়াস, ডেপুটি হাই কমিশনার, বাংলাদেশ। সম্মানিত অতিথি রূপে উপস্থিত ছিলেন শ্রী বিপ্লব রায়, পশ্চিমবঙ্গ জুডিশিয়াল সার্ভিস, আডাম মিনিস্টার জেনারেল এবং অফিসিয়াল ট্রাস্টি,পশ্চিমবঙ্গ সরকার।ভদন্ত ড. অরুণজ্যোতি মহাথের, পশ্চিমবঙ্গ সরকারের সংখ্যালঘু কমিশনের সন্মানিত আমন্ত্রিত সদস্য তথা টালিগঞ্জ সম্ভাবোধি বিহারের মহাপরিচালক।অমৃতসর সভাপতির আসন অলংকৃত করেন সভার সন্মানিত সভাপতি ভদন্ত ড. রতনশ্রী মহাথের।মডিডেঃসাংস্কৃতিক গোষ্ঠী পরিবেশনে করে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের পূজারিণী অবলম্বনে গীতিকাব্য কোলাজ- গীতিকবিতা, নির্দেশনায় শম্পা চট্টবায়।

পূর্ণাঙ্গ পণ্ডিত্কা

কলকাতা,২৪জুন শুক্রবার, ৮ আষাঢ় মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৪জুনঃ ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ৮ আষাঢ় মাস, চান্দ্র ৭ মঘসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৮ আষাঢ় মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ৮ আষাঢ়মাস ১৯৪৪,মৈতেঃ১১ শজিব্ব, আসামঃ২২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতযাত্রায় (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অন্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অন্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্র পক্ষ ‘তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮ঃ৪৫ পর্যন্ত পরে পুনর্বস্করণঃবহিষজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৩৮ঃ৪৫ পর্যন্ত পরে বহিষ্যেঃঅতিগম্য অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩০ পর্যন্ত,তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ১৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ৫৬ঃ০২ থেকে - ০৬ঃ২৪ঃ০২ পর্যন্ত - ০৬ঃ২৪ঃ২১ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ২ঃ১৪ পর্যন্ত, তারপর ০৬ঃ২২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ০৪ঃ০৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৪ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত।গ্রন্থফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪ঃ ৬১৯ (২৭) ৩ পদদক্ষঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবৃষ্টিঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৬ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩.২ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৫.০২এগ্রী সেল্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আবেক্ষিক আর্দ্রতা হবে ৯০শতকরা এবং ৬৪শতকরা। বৃষ্টি হয়েছে শুক্রবার। জোয়ার- সঙ্গল ৭টা ২০ মিনিটএবং রাত্৭টা ২০মিনিট হবে। ভটি-সঙ্গল-৭টা ২০মিনিট। রাত-৭টা ২০ মিনিট।সূর্যুদয়া আজঃ ৪ টা ৫৭মিনিটএবং সূর্য অস্ত্য যাবেঃ ৬ টা ১৬ মিনিটে পরিবর্তনহতেপারে

রাশিফল

মেঘরাশিঃবহুবিশ পরিহিতিগত কারণে দিনটিতে ক্ষয় হতে পারে। বৃষাঃ রাশিঃস্বাস্থ্যভূত পরিস্থিতিতে নজর রাখা দরকার। ঐৎসারে শান্তি হতে পারে। আর্থিক ব্যয়। মিথুন রাশিঃআজ আপনি আপনার স্বাস্থ্য এবং চেহারা উন্নত করার যথেষ্ট সময় পাবেন। কর্কট রাশিঃআপনার বাচ্চার কৃতিত্ব আপনাকে প্রচুর আনন্দ দিতে পারে। আজ আপনার পক্ষ অর্থ-সংক্রান্ত সমসার মুখোমুখি হওয়া সম্ভব হতে পারে আজকে সিংহ রাশিঃধুমপান ছাড়ুন যেহেতু এটি আপনাকে শারীরিকভাবে সুস্থ থাকতে সাহায্য করবে।। কন্যা রাশিঃচাপ মুক্ত হতে আপনার মূল্যবান সময় আপনার বাচ্চাদের সাথে কাটান। আপনি বাচ্চাদের উপশমকারী ক্ষমতা অনুভব করবেন। ব্যয় হতে পারে তুলা রাশিঃআপনার মুঞ্চকারী আচরণ মনোযোগ আকর্ষণ করবে। সংসারে শান্তি হতে পারে বৃশ্চিক রাশিঃআপনার অপ্রত্যাশিত প্রকৃতিকে আপনার বৈবাহিক সম্পর্ক নষ্ট করতে দেবেন না। এটি আপনাকে নিশ্চিত করুন অন্যথায় আপনাকে পরে অনুতাপ করতে হতে পারে।। ধনু রাশিঃযেহেতু, আপনি শক্তি নিয়ে ইচ্ছা হারিয়ে ফেলছেন, তাই আপনার প্রকৃত সম্ভাবনা উপলব্ধি করুন। কিছু নির্দিষ্ট কাজ অত্যাশাচর্য অর্থনৈতিক অস্থিরতার জন্য থমকে যেতে পারে।অর্থ ব্যয় দিনে- যা আপনাকে জড়িয়ে রেখেছে এবং আপনার উন্নতিকে বাহ্যত করছে। ব্যবসায় সাকল্য। কুস্ত রাশিঃকোন পুরোনো বন্ধুর সাথে পুনর্নির্মাণ আপনার উদ্দীপনা বাড়িয়ে তুলবে। আপনি আজ ব্যবসায় প্রচুর লাভ অর্জন করতে পারবেন। আপনি আজ আপনার ব্যবসায় নতুন উচ্চতা দিতে পারেন। বিবাহের যোগ। মীন রাশিঃউন্নয়ন থাকুন যেহেতু পরে ভালো সময় আসবে এবং আপনার মধ্যে ব্যাতি উদ্যমও থাকবে। এমনকি পারে। বাচ্চার আপনাকে ব্যস্ত রাখবে এবং

পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে জেলাশাসককে ডেপুটেশন দিল হাওড়া জেলা বামফ্রন্ট

দুরন্ত বার্তা, হাওড়া, ২৩ জুন : আসন্ন ত্রি্ত্তর পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে হাওড়া জেলার বিভিন্ন ঘটনা নিয়ে জেলাশাসককে ডেপুটেশন দিল বামেরা। বৃহস্পতিবার ওই ডেপুটেশন দেওয়া হয়। বামদের অভিযোগ, ১০ম ত্রি্ত্তর পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র জমা ও প্রত্যাহারের ঘটনাকে কেন্দ্র করে হাওড়া জেলার বিভিন্ন বিডিও অফিসে নানা অপ্রীতিকর অবস্থার সৃষ্টি হয়েছে। শাসক দলের পক্ষ থেকে বিরোধী দলের প্রার্থীদের বিভিন্নভাবে মনোনয়নপত্র জমা দিতে বাধা দেওয়া হয়েছে। বিরোধী দলের প্রার্থীদের বাড়ি থেকে বিডিও অফিসে মনোনয়নপত্র জমা দিতে যাওয়ার সময় শাসকদলের পক্ষ থেকে ভয় দেখানো ও জোর করে মনোনয়নপত্র ছিঁড়ে ফেলে দেওয়ার ঘটনা ঘটেছে, যা ইতিমধ্যেই রাজ্য

নির্বাচন কমিশনার ও জেলাশাসকের কাছে মেল মারফত জানানো হয়েছে। বিরোধী রাজনৈতিক দলের



প্রার্থীরা যারা শাসকদলের বাধাকে উপেক্ষা করে মনোনয়নপত্র জমা দিয়েছিলেন তাদেরকে মনোনয়নপত্র তুলে নেওয়ার জন্য ভয়-ভীতি

দেখানো, বাড়িতে গিয়ে ভয় দেখানো, এমনকি প্রাণনাশের হুমকি পর্যন্ত দেওয়া হয়েছে। হাওড়ায়

হয়েছে। অনেক প্রার্থী স্থানীয় থানায় লিখিত অভিযোগ জানালেও অনেকেই ভয়ে থানায় অভিযোগ জানাতে পারেননি। উল্বেড়িয়া-১ ব্লকের বিডিওর বিরুদ্ধে প্রার্থীর মনোনয়নপত্র বিকৃত করার অভিযোগে উচ্চ আদালত সিরিআই তদন্তের নির্দেশ দিয়েছেন। এছাড়াও বালি-জগাছা ব্লকের ১৭ নম্বর পঞ্চায়েত সমিতির আসনে বামফ্রন্টের প্রার্থীর মনোনয়নপত্র বেআইনিভাবে ক্ষুচিনির পরে খারিজ করার অভিযোগে হাইকোর্ট রাজ্য নির্বাচন কমিশনকে ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছেন। আমাদের আশঙ্কা এই ধরনের ঘটনা আমাদের জেলায় বহু বিডিও অফিসে হয়েছে এবং ঘটনার সাথে সরকারি কর্মীদের একাংশ জড়িত রয়েছেন। জেলা প্রশাসনকে দলীয় দৃষ্টিভঙ্গিতে কাজ করা থেকে অবশ্যই বিরত থাকা উচিত বলে আমরা মনে করছি।

নবান্নের অন্দরের প্রবেশ পথে ক্যামেরা বসানো হল

দুরন্ত বার্তা, কলকাতা, ২৩ জুন : রাজ্যের সচিবালয় নবান্নের অন্দরের নিরাপত্তা আরও জোরদার করতে প্রবেশ পথে এবং ভিতরে আত্মধুনিক হেড কাউন্টিং ক্যামেরা বসানো হল । নবান্নে কতজন মানুষ আসছেন তার যথাযথ তথ্য এই ক্যামেরার মাধ্যমে পাওয়া যাবে । ‘নির্ভয়া প্রকল্প’-এর আওতাধীন একটি সুরক্ষা প্রকল্পের আওতায় এই হেড কাউন্টিং ক্যামেরা বসানো হচ্ছে বলে জানা গেছে। প্রশাসনিক সূত্রের খবর, এই ক্যামেরার যাবতীয় তথ্য সার্ভার মারফত কম্পিউটার এবং কন্ট্রোল রুমে পাওয়া যাবে। মূলত নবান্নের ভিতরে প্রতিদিন কত লোক আসছেন, তার একটি পরিসংখ্যান জানার জন্যই এই উদ্যোগ। আপাতত পরীক্ষা মূলকভাবে ক্যামেরা বসানো হয়েছে। পরবর্তীকালে নিরাপত্তা নিশ্চিত করার জন্য রাজ্যের অন্যান্য প্রশাসনিক দফতরেও এই ক্যামেরা বসানো হতে পারে বলে খবর।

সরকারি বেসরকারি যৌথ উদ্যোগে ডায়ালিসিস ইউনিট

দুরন্ত বার্তা, কলকাতা, ২৩ জুন : রাজ্যে কিডনির চিকিৎসা ব্যবস্থা উন্নত করতে রাজ্য সরকারি মেডিক্যাল কলেজ, জেলা ও মহকুমা হাসপাতাল গুলিতে ডায়ালিসিস ইউনিট তৈরির কাজে হাত দিয়েছে। সরকারি বেসরকারি যৌথ উদ্যোগে ওই ডায়ালিসিস ইউনিট তৈরি করতে ১১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। সেখানে বিনামূল্যে রোগীদের ডায়ালিসিস করা হবে। এছাড়া দ্রুবস্তী জেলাগুলোর রোগীদের জন্য পেরিটোনিয়াল ডায়ালিসিস ইউনিট তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে। তৈরি করা হবে কোচবিহার দার্জিলিং আলিপুরদুয়ার বাকুড়া এবং পূর্বকলিয়ায় এ ধরনের ইউনিট তৈরি করা হবে। গোটা রাজ্যে এই প্রকল্প রূপায়ণ এর আগে পাইলট প্রকল্প হিসেবে এসএসকেএম হাসপাতাল এনআরএস মেডিকেল কলেজ এবং কলকাতা মেডিকেল কলেজে এই ইউনিট তৈরি করা হচ্ছে বলে স্বাস্থ্য সূত্রে জানা গেছে। এ ছাড়াও ফ্লোরাই প্রাইস ডায়ালিসিস সেটারের জন্য আরও ৬৮ লক্ষ ৭৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। রাজ্যের প্রথমসারির মোট ৯টি হাসপাতালকে অর্থ মঞ্জুর করা হয়েছে।

অনলাইনে ব্যাংক ম্যানেজারের পরিচয় দিয়ে প্রতারণার অভিযোগে ধৃত ২

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর,২৩ জুনঃ অনলাইনে বিভিন্ন ব্যাংকের নাম করে প্রতারনার অভিযোগে দক্ষিণ বারাসাত থেকে ধৃত দুজনকে শুক্রবার জয়নগর থানা থেকে বারকইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।বহুদিন ধরে জয়নগর থানার পুলিশের কাছে খবর আসছিলো ফোন করে বিভিন্ন গ্রাহকের কাছ থেকে ব্যাংকের ম্যানেজারের পরিচয় দিয়ে গ্রাহকের ব্যাংক ডিটেইলস সংগ্রহ করার একটি চক্র কাজ করছিলো। বহু গ্রাহক তাদের ফাঁদে পা দিয়ে সর্বশান্ত হয়েছেন। জয়নগর থানার আই সি রাকেশ চ্যাটার্জীর নির্দেশে



থানার পুলিশের বিশেষ টিম বৃহস্পতিবার রাতে জয়নগর থানার

দক্ষিণ বারাসাত বাজার এলাকা থেকে দুই ব্যক্তিকে গ্রেফতার করে জয়নগর থানায় নিয়ে আসে। ধৃত দুজন হলো সইফুল্লা লস্কর ও আরফুল লস্কর, ধৃত দুজনেরই বাড়ি জয়নগর থানার আলিপুর কাকা পাড়া এলাকায়। ধৃতদের শুক্রবার জয়নগর থানা থেকে বারকইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। ধৃতদের ৫ দিনের পুলিশ হেফাজত চেয়ে আদালতে আবেদন করেছে তদন্ত কারী অফিসার।ধৃতদের দক্ষিণ হেফাজতে রেখে তদন্তের কাজ এগিয়ে নিয়ে যেতে চায় জয়নগর থানার পুলিশ।

নাবালিকাকে যৌন নিগ্রহের দায়ে অভিযুক্ত নিরাপত্তা রক্ষীর পাঁচ বছরের সশ্রম কারাদন্ড

দুরন্ত বার্তা, হাওড়া, ২৩ জুন : নাবালিকাকে যৌন নিগ্রহের দায়ে অভিযুক্ত নিরাপত্তা রক্ষীর পাঁচ বছরের সশ্রম কারাদন্ডের সাজা ঘোষণা হলো হাওড়া আদালতে। দীর্ঘদিন ধরে ৭ বছরের ওই নাবালিকাকে যৌন নিগ্রহ করার অভিযোগে উঠেছিল স্কুলেরই এক নিরাপত্তা রক্ষীর বিরুদ্ধে। ৫ বছর পর শুক্রবার সেই মামলারই সাজা ঘোষণা করেন বিচারক। শুক্রবার হাওড়া জেলা দেওয়ানী, ফৌজদারি ও দায়েরা আদালতের পকসো

কোর্টের স্পেশাল বিচারক সৌরভ ভট্টাচার্য দোষী সুশান্ত দাস ওরফে বাপিকে ৫ বছরের সশ্রম কারাদন্ডের নির্দেশ দেন। এর সঙ্গে ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ৫ মাস বিনাশ্রম কারাদন্ডের সাজাও ঘোষণা করেন তিনি। আদালত সূত্রে জানা গিয়েছে, ৭ বছরের ওই নাবালিকাকে নানাভাবে যৌন হেনস্তা করতেন তারই স্কুলের নিরাপত্তা রক্ষী। দীর্ঘদিন ধরে এমন অপরাধমূলক কাজ করে

আসছিলেন তিনি। পরে বিষয়টি জানতে পারেন ওই নাবালিকার অভিভাবকরা। ২০১৮ সালের ২১ ডিসেম্বর বেলেড় থানায় লিখিত অভিযোগ দাখল হয়। অভিযোগের ভিত্তিতে বাপিকে গ্রেফতার করা হয়। এরপর চলে এই মামলার সুনামি মামলায় মোট ৭ জন সাক্ষী সাক্ষ্যদান করেন। শুক্রবার এই মামলার রায়দান করেন বিচারক। এই মামলায় সরকারি আইনজীবী ছিলেন সোমনাথ বন্দ্যোপাধ্যায়।

মহীনাথ পাড়া লেনে পুকুরের সংস্কার ও ড্রেজিংয়ের কাজ, জল জমা থেকে মুক্তি পাবেন উত্তর হাওড়ার মানুষ

মহীনাথ পাড়া লেনের পাস্পিং স্টেশন সংলগ্ন পুকুরের সংস্কার ও ড্রেজিংয়ের কাজের দরুন এবার বর্ষায় জল জমা থেকে মুক্তি পাবেন উত্তর হাওড়ার মানুষ। জলবন্দি অবস্থা থেকে এবার মিলবে মুক্তি। উত্তর হাওড়ায় পুরসভার নিকাশির কাজ এখন শেষ পর্যায়ে। প্রতি বছর বর্ষার বৃষ্টিতে কমবেশি হাবুডুপু পরিস্থিতি তৈরি হয় উত্তর হাওড়ার বিস্তীর্ণ এলাকায়। বিশেষ করে ওয়ার্ডের নিচু অঞ্চলগুলি জলে প্লাবিত হয়। সমস্যা়য় পড়েন নাগরিকরা।তবে এবারের বর্ষায় উত্তর হাওড়ার একটি বড় অংশের মানুষ এই জল জমার নরকযন্ত্রণা থেকে মুক্তি পেতে চলেছেন। উত্তর হাওড়ার বিধায়ক গৌতম চৌধুরি ও হাওড়া পুরসভার উদ্যোগে পদক্ষেপ নেওয়ার পর চলতি বছরের ফেব্রুয়ারি মাস থেকে উত্তর হাওড়ার মহীনাথ পাড়া লেনে পাস্পিং স্টেশন সংলগ্ন পুকুর সংস্কার ও ড্রেজিংয়ের কাজ নতুন করে শুরু হয়। এই কাজের তদারকি করেন হাওড়া পুরসভার প্রশাসকমন্ডলীর সদস্য প্রাক্তন পুরপতিা বাপি মান্না। এই মুহূর্তে ওই কাজ একেবারে শেষ



ব্যবস্থা আগেও ছিল। কিন্তু এই জলাশয় বা পুকুরে পলি ভর্তি ছিল। সেই কারণে জল ফেলতে অসুবিধার সৃষ্টি হচ্ছিল। বর্তমানে হাওড়া পুরসভার সহযোগিতায় এই পুকুর কাটানোর ব্যবস্থা করা হয়েছে। এবং পূর্বের সব সিস্টেম পরিবর্তন করে নতুনভাবে এখানের পাস্পিং স্টেশনকে পঙ্কত করা হয়েছে। যাতে

আগামী বর্ষায় ঘোষপাড়া, মহীনাথ পাড়া লেন সহ বিস্তীর্ণ এলাকার জল জ্রুত নেমে যেতে পারো। এই কাজের ফলে ৬, ৭নং ওয়ার্ড এবং ৩, ৫

কাজ হচ্ছে। জমা জল যাতে দ্রুত বেরিয়ে যায় সেই ব্যবস্থা করা হচ্ছে। আমরা প্রায় গত ৬ মাস ধরে কাজটা করছি। এখন এই কাজ প্রায় শেষ পর্যায়ে এসে পৌঁছেছে। প্রায় দেড় কোটি টাকার এই প্রকল্প বর্ষার আগেই শেষ করার লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। পাস্পিং স্টেশন সংলগ্ন পুকুর ও লাগোয়া নিকাশি নালাগুলির সংস্কারের ফলে উত্তর হাওড়ার একটি বড় অংশের জল এখন থেকে বেরিয়ে যেতে পারবে। আমরা পাস্পিং স্টেশন ও সংলগ্ন পুকুর সহ আশপাশের নিকাশি নালার আমূল সংস্কার করেছি। পুরো এলাকার নিকাশি ব্যবস্থা ঢেলে সাজানো হয়েছে। পুকুরের পলি তোলা হয়েছে। ফলে এখন থেকে জমা জল দ্রুত নেমে যাবে। হাওড়া পৌরনিগমের মুখ্য প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তী জানান, উত্তর হাওড়ার নিকাশি সমস্যার সমাধানে একাধিক পদক্ষেপ নেওয়া হচ্ছে। এর মধ্যে মহীনাথ পাড়া লেনের পাস্পিং স্টেশন এবং পুকুর পুকুরের ড্রেজিংটি একটি গুরুত্বপূর্ণ কাজ ছিল। এই কাজ শেষ হলে বহু মানুষ উপকৃত হবেন।

বাসন্তিতে পুলিশকে মারধর, গ্রেফতার ১

দুরন্ত বার্তা, বাসন্তী, ২৩ জুন : বুধবার সন্ধ্যায় বাসন্তীর কলতলা এলাকায় তৃণমূল ও নির্দলের নির্বাচনী কর্মসূচি নিয়ে বামেলার জেরে বাসন্তী থানার এক পুলিশ কর্মীকে মারধরের ঘটনায় সাইফুদ্দিন মোল্লা নামে এক ব্যক্তিকে গ্রেফতার করল পুলিশ। বৃহস্পতিবার রাতে তাকে কলতলা এলাকা থেকে গ্রেফতার করা হয়। ধৃতকে শুক্রবার আলিপুর আদালতে তোলা হয়েছে। পুলিশের দাবি, সেদিনের ঘটনায় এই সাইফুদ্দিন অন্যতম অভিযুক্ত। এই ঘটনায় আরও কে বা কারা জড়িত রয়েছে সে বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

মঙ্গলাহাটের দিন পরিবর্তন করতে রাজি ব্যবসায়ী সংগঠন

দুরন্ত বার্তা, হাওড়া, ২৩ জুন : উন্নয়নের স্বার্থে প্রশাসনের প্রস্তাব মেনে মঙ্গলাহাটের দিন পরিবর্তন করতে রাজি ব্যবসায়ী সংগঠন। শনি ও রবিবার হাট বসলে তাদের আপত্তি নেই, পুরসভাকে এবার চিঠি দিয়ে জানিয়েছে পশ্চিমবঙ্গ বস্ত্র শিল্প ব্যবসায়ী সমিতি। সোম ও মঙ্গলবারের পরিবর্তে শনি ও রবিবার হাওড়ায় মঙ্গলাহাট বসলে ব্যবসায়ীদের আপত্তি নেই বলে শুক্রবারই হাওড়ার মুখ্য পুর প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তীকে লিখিতভাবে জানিয়ে দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ বস্ত্র শিল্প ব্যবসায়ী সমিতির সভাপতি কামাখ্যা সাহা জানান, উন্নয়নের স্বার্থেই প্রশাসনের প্রস্তাব মেনে আমরা মঙ্গলাহাটের দিন পরিবর্তন করতে রাজি আছি। একথা আমরা এদিন হাওড়া পুর কর্তৃপক্ষকে লিখিতভাবে জানিয়ে দিয়েছি। প্রশাসনের প্রস্তাব ছিল, এমনিতেই যে জায়গায় মঙ্গলাহাট বসে সেখানে একাধিক সরকারি অফিস, আদালত, হাসপাতাল, স্কুল ও কলেজ রয়েছে। মঙ্গলাহাটে দু’দিনই লক্ষাধিক মানুষের আনাগোনা হয়। এরপর হাওড়া ময়দান থেকে মেট্রো চালু হলে লোকের আসা যাওয়া আরও বেড়ে যাবে। এই অবস্থায় সপ্তাহে কাজ শুরুর প্রথম দিন সোম ও মঙ্গলবার হাট বসলে মানুষের দুর্ভোগ আরও বাড়বে।

জয়নগরে পথ দূর্যটনা, আহত ২, ভর্তি স্থানীয় নার্সিংহোমে



দুরন্ত বার্তা, জয়নগর, ২৩ জুন : বৃহস্পতিবার রাতে পথ দূর্যটনা জয়নগরে,আহত দুজন ভর্তি স্থানীয় নার্সিংহোমে।এদিন রাতে জয়নগর থানার জয়নগর মজিলপুর পৌরসভার ১১ নং ওয়ার্ডের উওরপাড়া মোড়ে একটি সাইকেল ও একটি মোটর সাইকেলের মধ্যে সংঘর্ষ ঘটে। আর তাতে এক মোটর সাইকেল আরোহী ও এক সাইকেল চালক আহত হন। আহত দুজন হল সাইকেল চালক আবু কাহার, বাড়ি জয়নগর থানার উওর গোলাবাড়ি এলাকায় ও মোটর সাইকেল চালক আবু তাহের গাজী, বাড়ি জয়নগর থানার রামকৃষ্ণপুর এলাকায়।আহতদের চিকিৎসা চলছে স্থানীয় নার্সিংহোমে। আর এই ঘটনার খবর পেয়ে ঘটনা স্থলে জয়নগর থানার পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

বকুলতলার কানকাটা মোড়ে পথ দূর্যটনায় তুলসিঘাটা থেকে ধৃত ১

দুরন্ত বার্তা, বকুলতলা, ২৩ জুন : পথ দূর্যটনার কেসে ফেরার থাকার পরে বকুলতলা থানার তুলসিঘাটা এলাকা থেকে ধৃত এক ব্যক্তিকে বৃহস্পতিবার রাতে গ্রেফতার করে শুক্রবার বাকুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। গত ১১ ই ফেব্রুয়ারী বকুলতলা থানার কানকাটা মোড়ে বেপরোয়া ভাবে যান চলাচলে একটি পথ দূর্যটনা ঘটে। একটি ম্যাটারো ও একটি মোটরসাইকেলের মধ্যে হওয়া এই ঘটনায় একজনের মৃত্যু ঘটে সে সময়। আর তার পরে ম্যাটারোর গাড়ি চালক পলাতক হয়ে যায়। আর তার পরে এই কেসের তদন্তে নেমে শেষ পর্যন্ত সোপ মারফত খবর পেয়ে বৃহস্পতিবার রাতে বকুলতলা থানার তুলসিঘাটা এলাকা থেকে গ্রেফতার করে এক ব্যক্তিকে বকুলতলা থানার পুলিশ। ধৃতকে নাম সিরাজুল মোল্লা,বাড়ি কুলতলি থানার গাজীর মোড় এলাকায়। ধৃতকে আর্জতাজনিত অসুস্থতার বজায় থাকবে। আপাতত ভারী বৃষ্টির সম্ভাবনা থাকলেও, ২৩ জুনের পর উত্তরবঙ্গে বৃষ্টিপাতের পরিমাণ কমতে পারে। ২৫ অথবা ২৬ জুন নাগাদ দক্ষিণবঙ্গে বৃষ্টিপাতের পরিমাণ বাড়তে পারে। তবে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, দক্ষিণবঙ্গে বৃষ্টিপাত চললেও থাকবে আর্জতাজনিত অসুস্থি। শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.০ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি।

এপিডিআরের উদ্যোগে জয়নগরে পথসভা

দুরন্ত বার্তা,জয়নগর, ২৩ জুন : রেলের তরফে বেশ কিছু সিদ্ধান্তের বিরুদ্ধে শুক্রবার এপিডিয়ারের উদ্যোগে জয়নগর মজিলপুর স্টেশনে প্রতিবাদ কর্মসূচি ও পথসভা পালন করা হলো। সম্প্রতি এক সংবাদমাধ্যম সূত্রে জানা গেছে, হাওড়া-শিয়ালদহ লাইনের লোকাল ট্রেনে হকারি বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে রেলের তরফে। শোনা যাচ্ছে, নয়ডার এক কর্পোরейট সংস্থাকে ট্রেনে চা বালমূল ইত্যাদি খাবার বিক্রির দায়িত্ব দেওয়া হচ্ছে। এই নির্দেশিকা কার্যকর হলে এ নির্দিষ্ট সংস্থার নির্দিষ্ট কর্মী ছাড়া অন্য কেউ ট্রেনে হকারি করতে পারবে না। পারবে না রেল নির্ধারিত কোম্পানি যা সামগ্রী বিক্রি করবে, তা বিক্রি করতে। এরকম কিছু ঘটলে তাদের জিনিস বাজেয়াপ্ত করা হবে, এমনকি গ্রেপ্তারও করা হতে পারে।রেলের এই জন বিরোধী সিদ্ধান্ত এর বিরুদ্ধে, ট্রেন ও প্ল্যাটফর্ম হকারদের জীবন জীবিকা ধ্বংস করে তাদের উচ্ছেদের বিরুদ্ধে এপিডিআর জয়নগর ও সোচরবদঃ বারাসাত শাখার উদ্যোগে ও জয়নগর হকার বৃদের সহযোগিতায় এদিন জয়নগর মজিলপুর স্টেশন চত্বরে একটি পথসভা হয়। এই পথসভা থেকে এলাকার শাখা ও পথ সভায় উপস্থিত ছিলেন এপিডিআরের জেলা সম্পাদক আলতাক আহমেদ, সহ সম্পাদক মিঠুন মন্ডল সহ জয়নগর শাখা ও সোচরন দক্ষিণ বারাসত শাখার সদস্যরা।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব দূরন্ত বাৰ্তা

২৮ বৰ্ষ, দৈনিক ২০৪ সংখ্যা, শনিবার, ৮ আষাঢ় , ১৪৩০

গণতান্ত্ৰিক দেশগুলিকে রক্ষা করতে হবে

বিশ্বের সব গণতান্ত্ৰিক দেশগুলি আজকে বিপন্নবোধ করতে শুরু করে দিয়েছে। তাদের ওপরে বড় বেশি রকমের আক্রমণ হতে শুরু করেছে। গণতান্ত্ৰিক দেশের সবচেয়ে বড় শত্রু হচ্ছে সন্ত্ৰাসবাদ। অথচ এই সন্ত্ৰাসবাদীদের মদত দিতে শুরু করে দিয়েছে বেশ কয়েকটি শক্তিশালী রাষ্ট্ৰ। তারা সন্ত্ৰাসবাদীদের সাহায্য গ্রহণ করতে শুরু করেছে। এমনকী দেখতে পাওয়া যাচ্ছে যে সন্ত্ৰাসবাদী গোষ্ঠীদের আৰ্থিক সহায়তা করতে শুরু করেছে এই সব শক্তিশালী রাষ্ট্ৰগুলি। রাষ্ট্ৰপুঞ্জ কথা ছিল সন্ত্ৰাসবাদীদের কোনও রাষ্ট্ৰ মদত দেবে না। কিন্তু দেখতে পাওয়া যাচ্ছে যে এই সব শক্তিশালী রাষ্ট্ৰগুলি তা মানছে না। তারা এখন সন্ত্ৰাসবদী রাষ্ট্ৰগুলিতে অস্ত্ৰ দিয়েও সাহায্য করতে শুরু করেছে। তার ফলে

সম্পাদকীয় গণতান্ত্ৰিক দেশগুলি বিপন্ন হতে শুরু করেছে। ভারত নামক রাষ্ট্ৰের জন্ম হয়েছে গণতন্ত্ৰের মধ্যে দিয়ে। ভারত যেঁচে থাকে গণতান্ত্ৰিক পথ ধরে। ভারতের সংবিধানে গণতান্ত্ৰিক অধিকার দেওয়ার কথা স্পষ্ট করে বলে দেওয়া আছে। ভারতের মধ্যে কোনও বৈষম্য নেই। ভেদাভেদ নেই। ধৰ্ম, জাতি এবং রাজ দিয়ে বৈষম্য ভারতে করা যায় না। ভারতে বহু ৰাজা থাকতে পারে। কিন্তু ভারত এক। এবং একটি বিশাল যুক্তরাষ্ট্ৰীয় গণতান্ত্ৰিক দেশ। সংসদীয় গণতন্ত্ৰ যেমন ভারতে রয়েছে। পাশাপাশি আবার যুক্তরাষ্ট্ৰীয় গণতন্ত্ৰ ভারতে রয়েছে। গণতন্ত্ৰের অন্যতম স্তম্ভ সংবাদমাধ্যম নিয়ে প্রধানমন্ত্ৰী মোদি কোনও কথা বলেননি। তবে তিনি সাংবাদিক সম্মেলন এড়িয়ে যাওয়ার চেষ্টা করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত তিনি সাংবাদিক বৈঠক করতে রাজি হলেন আমেরিকাতে। গত নয় বছর ধরে কোনও সাংবাদিক বৈঠকে যোগ দেননি মোদি। এবারে আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসন একেবারে নাছোড়বান্দা ছিল। যার ফলে বাধ্য হয়ে প্রধানমন্ত্ৰী মোদিকে সাংবাদিক সম্মেলনে অংশ গ্রহণ করতে হচ্ছিলেন। সেখানে বহু প্রশ্নের মুখে পড়তে হয়েছিল প্রধানমন্ত্ৰী মোদিকে। এদিকে কংগ্রেসের মুখপাত্র পবন খেরা মন্তব্য করছেন, টেলিগ্ৰিষ্ঠাত্বের যুগ এমন নিস্ত্ৰস্ত এবং মধ্য মেঘার উত্তৰ। এমন মধ্য মেঘা আর কোথাও দেখতে পাওয়া যায় না। দেশে কেন প্রধানমন্ত্ৰী সাংবাদিক সম্মেলন এড়িয়ে চলেন তা বুঝতে পারা গেল। মোদির সফর ঘিরে কংগ্রেস ভবনে কম উত্তেজনা ছিল না। প্রধানমন্ত্ৰীরা সাংবাদিক বৈঠক এড়িয়ে যাওয়ার খরব তাদের কাছে ছিল। মোদির সফর ঘিরে ডেমোক্রাট দলের চাপ কম ছিল না। ভারতের মানাবধিকার, ধর্মনিরপেক্ষতা এবং সংখ্যালঘুদের অধিকার নিয়ে যথেষ্ট চাপ ছিল। তার ফলে হোয়াইট হাউসের ওপরে লায় এসে পড়েছিল সাংবাদিক বৈঠকে ভারতের প্রধানমন্ত্ৰীকে দাঁড় করানো। মোদি এবারে কিন্তু সাংবাদিক বৈঠককে একেবারে অস্বীকার করলেন না। তিনি সাংবাদিকদের সঙ্গে বৈঠক করতে রাজি হলেন এবং সাংবাদিকদের সব প্রশ্নের উত্তর দিতে তিনি প্রস্তুত হলেন। তবে আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেনে মোদির পাশেই ছিলেন। তিনি বলেছেন, ভারতের প্রধানমন্ত্ৰী মোদির সঙ্গে গণত্ত্ৰ নিয়ে বহু আলোচনা হয়েছে। গণতন্ত্ৰকে কীভাবে রক্ষা করা যেতে পারে তা নিয়ে বিস্তারিত কথা হয়েছে।

আগামি দিনের শিল্প কাশ্মীর

শিল্পপতিরা এখন বাজার খোঁজার চেষ্টা করছে। তারা এখন কাশ্মীরের প্রকৃতিকে ব্যবসার পরিণত করা কীভাবে যেতে পারে তা নিয়ে চিন্তাভাবনা করতে শুরু করে দিয়েছে। কাশ্মীর হচ্ছে বিশ্বের অন্যতম সৌন্দর্যময় এলাকা। এখানকার প্রাকৃতিক সৌন্দর্য বিস্ময়কর। সেই কারণে কাশ্মীরকে ভূষণ বলা হয়ে থাকে। কাশ্মীরের সঙ্গে আগে লাদাক যুক্ত ছিল না। পরে লালাখকে কাশ্মীরের থেকে আলাদা করে দেওয়া হয়েছে। লাাদাখ এখন কেন্দ্র শাসিত অঞ্চল। লাাদাখও বলা যেতে পারে আর একটি বিরল সৌন্দর্যের অধিকারী। লাাদাখ সফর করে পর্যটকেরা মুগ্ধ। কাশ্মীরের বহুতল বিসালবল্লু হাটেল তৈরি করা নিষিদ্ধ হলেও সেখানে বিলাসবহু রিসর্ট বা রেস্তোরা তৈরি করা যেতে পারে। এই সব বিলাসবল্লু রিসর্ট এবং রেস্তোরা়র মালিক হতে চায় শিল্পপতিরা। তারা কাশ্মীরের বিভিন্ন স্থানে তাঁবু তৈরি করে বিলাসবল্লু রেস্তোরা তৈরি করতে নকসা পর্যন্ত করতে শুরু করে দিয়েছে। কাশ্মীরকে কেন্দ্রভূক্ত অঞ্চলে পরিণত করার একটি মাত্র উদ্দেশ্য সেখানে বিনিয়োগ বৃদ্ধি করা। বিনিয়োগ বৃদ্ধি করল কাশ্মীর তার উন্নয়নের পয়সা জোগার করে নিতে পারবে। কারোর কাছে কাশ্মীরকে হাত পাতেত হবে না। আসলে কাশ্মীরের যে সম্পদ রয়েছে। সেই সম্পদকে যদি কাজে লাগানো যায় তাহলে বিদেশি মুদ্রা ঘরে আসতে বেশি সময় নেবে না। আসলে থেকে শুরু করে ফলমূল এবং কাশ্মীর শাল থেকে শুরু করে বিভিন্ন পোশাক বিশ্বের বাজারে বেশ জনপ্রিয়। এর একটি আন্তর্জাতিক বাজার রয়েছে। কাশ্মীরের মশলার চাহিদা বিশ্ব সেরা। ফলে কাশ্মীরকে অর্থ উপার্জন করতে বেশি সময় লাগবে না। সেই কারণে কাশ্মীরের বাজারকে সকলের কাছে উন্মুক্ত করে দেওয়া হল। এখন সবাই কাশ্মীরে প্রবেশ করে ব্যবসা বাণিজ্য করতে পারবে। এতে শুধু শিল্পপতিদের লাভ হবে না। কাশ্মীরের বসবাসকারীদের আর্থিক লাভ হবে। তাদের গড় আয় বৃদ্ধি হবে। আজকে যে দুঃস্থ কাশ্মীর দেখতে পাওয়া যাচ্ছে তার আর আগামি দিনে দেখতে পাওয়া যাবে না। সুস্থ সবল এবং স্বাভাবিক কাশ্মীর দেখতে পাওয়া সম্ভব হবে। আসলে কাশ্মীর আগে ভারতের কাছে একটি বিষফোড়া ছিল। সেই বিষফোড়া একেবারে উপড়ে দিল কেন্দ্রীয় সরকার। বিশেষ করে মোদি সিদ্ধান্তই হল কাশ্মীরকে ভারতের কেন্দ্র শাসিত অঞ্চলে পরিণত করে নাও। তাহলে পাকিস্তান আর কোনও কথা বলতে পারবে না। ৩৭০ ধারা এবং ৩৫৩ দুটো ধারাকে যদি বাতিল করে দিয়ে কাশ্মীরকে দুটি ভাগে ভাগ করে দিয়ে কেন্দ্র শাসিত অঞ্চলে পরিণত করা হল তার ফলে বিরোধীরা তো বটে কাশ্মীরের বিচ্ছিন্নবাদীরাও কোনও কথা বলার সাহস পেলে না। সবাই ভয়ে তটস্থ হয়ে গিয়েছে। কাশ্মীরের এতকাল ধরে বেশ কিছু পরিবার সুবিধা ভোগ করছিল। বাকিরা সবাই ছিল একবারে গরিব।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী



আত্মপ্রতিষ্ঠার তাগিদে যারা শক্তিমান হয় তারা শক্তির দপ্তে সংস্কারকে অবমাননা করতে শুরু করে। চাট্‌কার ছাড়া অন্য লোককে তারা বরদাদ্ত করতে পারে না। বহু লোক তাদের আচরণে অন্তরে অন্তরে কিণ্ড হয়ে ওঠে আর তাই হয় তাদের কাল। অন্তে লোকের অন্তরে তাদের কোন আসন প্রতিষ্ঠিত হয় না.....

স্বামী বিবেকানন্দের কর্ম চিন্তা

বিবেকানন্দ বলতেন জ্ঞান অর্জন করতে হবে। জ্ঞানই ধন উপার্জন করতে সাহায্য করবে। যিনি জ্ঞানী তাদের ধন উপার্জন করতে আলাদা করে উদ্যোগী হয়ে হয় না। ধন আপনা থেকে তারা কাছে এসে ধরা দিয়ে থাকে। জ্ঞানই ধন উপার্জনের পথটাকে খুলে দেয়। মনের শক্তিটাকে খুলে দিতে হয়। ঠাকুর রামকৃষ্ণদের বলতেন, মানব ধর্ম হচ্ছে সবচেয়ে বড় ধর্ম। তার ওপরে আর কোনও ধর্ম নেই। গীতায় মানব ধর্মের কথা বলা হয়েছে। সেখা ানে বারবার একটি কথা বলা হচ্ছে অসং পথ পরিত্যাগ করে সং পথকে অবলম্বন করো। তাহলে জীবনকে রক্ষা করতে সক্ষম হবে। জীবন ধন্য হতে থাকবে। জীবনকে শক্তিশালী করতে হবে।

অস্ত্র লুণ্ঠনে বংলার দুই মহিলা বিপ্লবী

ননীবালা দেবীঃ জন্মঃ ১৮৮৮ সালে। জন্মঃ হাওড়ার বালিতে। পিতার নামঃ সূর্যকান্ত ভট্টাচার্য (বন্দ্যোপাধ্যায়)। মাতার নামঃ গিরিবালা দেবী। মাত্র ১১ বছর বয়সে বিবাহ হয়েছিলেন। যোল বছর বয়সে বিধবা হন। বিধবা হয়ে পিতৃগৃহে ফিরে আসেন। তাঁর ভ্রাতৃস্পুত্র হলেন অমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়। তাঁর পিতা বিধবা কন্যার লেখাপড়ার জন্য আড়িয়াদহ এর একটি খ্রিস্টান মিশনারী স্কুলে ভর্তি করে দিয়েছিলেন। মিশনারীদের রীতিনীতি ভালো না লাগার ফলে তিনি স্কুল পরিত্যাগ করেন। চন্দননগরে গিয়ে বিপ্লবীরা আত্মগোপন করে থাকতেন। তাঁদের মধ্যে ছিলেন ডাঃ যাদুগোপাল মুখোপাধ্যায়, অমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, অতুল ঘোষ, ভোলানাথ চ্যাটার্জি, মম্মথ বিশ্বাস, নলিনীকান্ত কর, বিনয়ভূষণ দত্ত ও সতীশ চন্দ্র চক্রবর্তী। বিধবা পিসিমাকে অনুরোধ করলেন অমরেন্দ্র চন্দননগরে গিয়ে বিপ্লবীদের রক্ষণাবেক্ষণ করতে। ননীবালা চন্দননগরে উপস্থিত হয়ে আত্মগোপনকারী বিপ্লবীদের দেখভাল করতে শুরু করলেন। কলকাতার স্ট্যাণ্ড রোডে ‘শ্রমজীবী সমবায়’ দোকানের মালিক ছিলেন রামচন্দ্র মজুমদার এবং সুধাংশু মুখার্জি। তাঁদের কাছে রডা কোম্পানির লুণ্ঠিত মশার পিস্তল ছিল। পুলিশ এই দুইজন মালিককে থেফতার করে। রামচন্দ্রবাবু কোথায় পিস্তল রেখে ছিলেন সেটা তিনি কাউকে বলে যাননি। পুলিশ রামচন্দ্রবাবুর স্ত্রীর কাছে গিয়ে জিজ্ঞাসাবাদ করলেও তিনিও পিস্তলের কোনও হদিশ দিতে পারেননি। এবারে বিপ্লবীরা সিদ্ধান্ত গ্রহণ করলো যে ননীবালাকে তাঁর স্ত্রী সাজিয়ে কারাগারে রামচন্দ্রবাবুর কাছে পাঠাবেন কোথায়



তৈরি করে নিয়ে গিয়ে উপস্থিত হলে রেগে গিয়ে সেই আবেদনপত্রটি ছিঁড়ে ফেলে দিলেন মিস্টার গোবিন্দ। শর্ত ভাঙার অপরাধে রেগে গিয়ে একটা থাপ্পর মারলেন সাহেবের গালে ননীবালা। ভারতীয় দণ্ডবিধি ও নম্বর ধারার স্টেট পুলিশের এই বর্বরোচিত অত্যাচারের প্রতিবাদে তিনি কারাগারে অনশন করতে শুরু করলেন। শত অনুরোধে তাঁর অনশন ভাঙাতে পারলো না পুলিশ প্রশাসন। তখন বাধ্য হয়ে ননীবালার শর্তে ব্রিটিশ

মুক্তি পাওয়ার পর বালিবাসীরা তাঁকে সেখানে থাকার জায়গা দিল না। পুলিশের ভয়ে কেউ তাঁকে ঘর দিতে রাজি হল না। তাঁর পিতা তাঁকে একটি ছোট ঘর দিয়েছিলেন। সেখানেই তিনি বসবাস করতেন। ১৯৫০ সালে বন্দীদের অসরকালীন পেনশন চালু হতে তা দিয়ে নিজের পেট চালাতেন। ১৯৬৭ সালে বিপ্লবী মহিলা পরলোকগমন করেন। **দুকড়িবালা দেবী**ঃ ১৮৮৭ সালে (বাংলা ১২৯৭, ৬ শ্রাবণ) দুকড়িবালা দেবী জন্মগ্রহণ করেন বীরভূম কেলার নলহাটি থানার বাউপাড়া গ্রামে। পিতার নাম নীলমণি চট্টোপাধ্যায় এবং মাতার নাম কমলকামিনী দেবী। স্বামী ছিলেন রাউপাড়া গ্রামেরই বাসিন্দা ফণীভূষণ চক্রবর্তী। তাঁর বোনপোর নাম ছিল নিবারণ ঘটক। তিনি সিয়ারসোল স্কুলে শিক্ষক ছিলেন। কবি নজরুলকে তিনি বিপ্লবী মস্ত্রে দীক্ষিত করেছিলেন। কবি নজরুল তখন সিয়ারসোল স্কুলের ছাত্র। বিপিন বিহারী গাঙ্গুলী গা ঢাকা দিয়ে সেখানে লুকিয়ে রয়েছেন। দুকড়িবালা দেবী ছিলেন নিবারণ ঘটকের মাসিমা। স্বদেশি বই বেআইনী বই লুকিয়ে পড়বার সঙ্গে সঙ্গে বিপ্লবী আঙা দিতে নিবারণ মাসীমার বাড়িতে। বোনপো দুকড়িবালা তাঁকে খুবই ধমক দিলেন। কিন্তু নিবারণ তাঁকে একেবারে আমল দিলেন না। একদিন তাঁর বাড়িতে এসে উপস্থিত হলেন

অলিম্পিক দিবসের দিন বিশ্ব স্বাস্থ্য সংস্থাও সামিল হয়েছে

২৩ জুন সারা বিশ্ব জুড়ে আন্তর্জাতিক অলিম্পিক দিবস পালন করা হয়ে থাকে। জুন ব্যারন পিয়েরে ডি কবার্টিন কর্তৃক আন্তর্জাতিক অলিম্পিক কমিটির স্মরণেএই দিনটি পালন করা হয়ে থাকে। আন্তর্জাতিক অলিম্পিক কমিটি প্যারির সোরবনে প্রতিষ্ঠিত হয়েছিল। ২৩ জুন ১৮৯৪ সালে প্রাচীন অলিম্পিক গেমসের পুনরুজ্জীবনের জন্য এই সমাবেশ হয়েছিল গ্রীসে। ১৯৪৭ সালে অলিম্পিক দিবস সারা বিশ্বে ছড়িয়ে পড়তে শুরু করে। একোষ্টাভাভিয়ার আইওসি সদস্য ডক্টর থাস সুইডেনের স্টকহোমে আন্তর্জাতিক অলিম্পিক কমিটির ৪১ তম অধিবেশনে একটি বিশ্ব ব্যাপী অলিম্পিক দিবস পালনের ধারণা তৈরি করেছিলেন যা আজকে অলিম্পিক আন্দোলনেক সার্থক করে তুলেছে। ১৯৪৮ সালে জানুয়ারি মাসে সুইজারল্যান্ডের সেন্ট মরিংজে ৪২ তম আইওসি অধিবেশনে অনুমতি পায়। ২৩ জুন তারিখটা অলিম্পিক ইতিহাসে বিশেষ গুরুত্ব লাভ

করে। ২০২৩ সালের অলিম্পিক দিসবের থিম হল ‘লেটস মুভ’। মানে শরীরকে তৈরি করো এবং সুরক্ষিত রাখো। সমীক্ষা করে দেখতে পাওয়া গিয়েছে যে বর্তমান পৃথিবীতে প্রায় আশি শতাংশ মানুষ বিশেষ করে তরুণ তরুণীরা মানসিক এবং শারীরিক দিক দিয়ে হতাশ হয়ে পড়তে শুরু করেছে। তাদের জীবনের লক্ষ্য খুঁজে পাচ্ছে না। সেই কারণে বিশ্ব অলিম্পিক দিবসে বলা হচ্ছে নিজেকে তৈরি করুন। এগিয়ে যেতে হবে। নিজেকে গড়তে হবে। ২৩ জুন হচ্ছে সমগ্র জীবন গড়ার দিন। অলিম্পিকের আইওসি প্রেসিডেন্ট টমাস বাচ বলেছেন, অলিম্পিক দিবসে আমরা খেলাধুলার মাধ্যমে বিশ্বকে সুন্দর করে গড়ে তোলার চেষ্টা করি। খেলাধুলা করা উচিত এবং তা প্রতিদিন জীবন চর্চার

আমরা খেলাধুলার মাধ্যমে বিশ্বকে সুন্দর করে গড়ে তোলার চেষ্টা করি। খেলাধুলা করা উচিত এবং তা প্রতিদিন জীবন চর্চার আঙ্গিক। অলিম্পিক দিবস পালন করা দিবসের দিন বিশ্ব স্বাস্থ্য সংস্থাও সামিল হয়েছে। হু বলেছে সবাইকে অলিম্পিক দিবস পালন করা উচিত। এবং এই দিবসে খেলাধুলাকে প্রধান করা উচিত। নিজের সুস্থ রক্ষার জন্য শরীর চর্চা করা উচিত। এবং খেলাধুলার মানকে বৃদ্ধি করা উচিত। ১৯৪৮সালে ২৩ জুন প্রথম আন্তর্জাতিক অলিম্পিক দিবস পালন করা হয়েছিল।

গৌতম বুদ্ধের অহিংসা মন্ত্রের প্রচারক কৃপাশরণ

কৃপাশরণ মহাস্থবির ১৫৮ তম জন্ম জয়ন্তী বৌদ্ধ সমাজে পালন করা হল। মাত্র একশ বছর বয়সে তিনি কলকাতায় ১৮৮৬ সালের ১৫ জুন এসে উপস্থিত হয়েছিলেন সুদূর চট্টগ্রাম অঞ্চল থেকে। বৌদ্ধ ধর্ম পাশাপাশি শিক্ষা ব্যবস্থার উন্নতির জন্য তিনি প্রথমে মলঙ্গা লেনে নবীন বিহার শুরু করেন। তারপরে তিনি বহুবাজারের বো স্ট্রিটে একটি বাড়ি ভাড়া করে মহানগর বিহার প্রতিষ্ঠা করেন। ১৮৯৯ সালে ৫ অক্টোবর আধুনিক ভারতের প্রথম বৌদ্ধ বিহার প্রতিষ্ঠা করেন বৌদ্ধ ধর্মাব্ধুর সভা (বেঙ্গল বুদ্ধিস্টি অ্যাসোসিয়েশন) এখন ‘বৌদ্ধ ধর্মাব্ধুর সভা অব ইণ্ডিয়া’ নামে সকলের কাছে পরিচিত। ১৯০৮ সালে ‘জগজ্জ্যোতি’ পত্রিকা প্রকাশ লাভ করে যার এ সময়ে

হয়েছিল বিশাল অন্তঃধাতুর বুদ্ধ মূর্তি। বুদ্ধের অহিংসা মন্ত্র সর্বত্র ছড়িয়ে দেওয়ার জন্য তিনি অক্লান্ত পরিশ্রম করেছেন। ১৯১০ সালে তিব্বতের ধর্মগুরু দালাই লামা

গঠন করেছিলেন তিনি। এঁাদের প্রদর্শিত পথ ধরে সামনের দিকে এগিয়ে চলেছেন অমলেন্দু চৌধুরী। গত বৃহস্পতিবার এদিন দ্বাদশ কৃপাশরণ স্মারক বক্তৃতা

সর্বভারতীয় বিরোধী জোট এখন বিহারের হাতে

বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার এখন সর্বভারতীয় বিজেপি জোট করতে শুরু করে দিয়েছেন। তিনি এখন আগামি লোকসভার দিকে তাকিয়ে সর্বভারতীয় বিজেপি জোট যাতে গড়ে উঠতে পারে তার জন্য মানসিক প্রস্তুতি গ্রহণ করতে শুরু করে দিয়েছেন। জোট গড়ার আগেই বিজেপি বিরোধী রণনীতি রূপায়ণ করতে শুরু করে দিলেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিজেপির বিরুদ্ধে একের বিরুদ্ধে এক প্রার্থী দেওয়ার কথা পছন্দ করলেনও এদিন নেত্রী এ ব্যাপারে কোনও কথা বলেননি। এদিকে কেন্দ্রীয় সরকারের অধ্যাদেশের প্রক্ষে কংগ্রেস সহ বাকীরা যদি তাদের পাশে এসে না দাঁড়ায় তাহলে বিরোধী বৈঠক থেকে বের হয়ে আসার কথা বলে রাখলো আম আদমি দল। আরের ঈশ্যারীরি জবাবে কংগ্রেস এবার মুখ খ লুতে শুরু করে দিল। পাটনায় পৌছেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আরজেডি নেতা লালুপ্রসাদ যাদব এবং বিহারের মুখ্যমন্ত্রী জেডিউই নেতা নীতীশ কুমারের সঙ্গে আলাদা করে বৈঠক সরেরে রাখলেন। অবিজেপি জোটের বৈঠক যাতে

পাটনায় হয় তার প্রস্তাব দিয়েছিলেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ফলে ঠিক হয়েছে যে নীতীশের সরকার বাসভবনেই বিরোধী জোটের বৈঠক বসবে। তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং মন্ত্রী ফিরহাদ হাকিম সহ মমতা পৌঁছে গিয়েছিলেন পাটনায়। রাজ্যসভার সাংদন ডেরেক ও’ব্রায়নেও উপস্থিত হয়েছেন। মমতা এঁনি পাটনায় এসেই লালু প্রসাদ যাদবের সঙ্গে সাক্ষাৎ করেন। তিনি লালুজির সঙ্গে দেখা করে বলেছেন লালু প্রসাদ যাদব এখন খুব সুস্থ আছেন। বর্থনি ছিল খেটেছেন। তিনি এখন বিজেপি দলের বিরুদ্ধে লড়াই করতে মানসিক প্রস্তুতি গ্রহণ করতে শুরু করেছেন। পাটনায় সার্কিট হাউসে গিয়ে উপস্থিত হয়েছিলেন নীতীশ কুমার। তিনি মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে সাক্ষাৎ করেন। বিজেপি বিরোধী জোট কী রকম হবে তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে বলে জানতে পারা গিয়েছে। সিপিআইএর সাধারণ সম্পাদক ডি রাজাও এসে উপস্থিত হয়েছেন। এদিন মমতা বলেছেন, একেবর

রবীন্দ্রকুমার শীল

পুলিশ রাজি হল। শর্ত ছিল যে ননীবালাকে যদি বাগবাজারের খ্রীসানরা মায়ের কাছে রাখা হয় তাহলে তিনি খে তে পারেন। পুলিশের স্পেশাল অফিসার গোবিন্দ আবেদন ভেবে দেখবেন বলে আশ্বাস দিলেন। ননীবালা আবেদন করে

মস্ত্রে দীক্ষিত করেছিলেন। কবি নজরুল তখন সিয়ারসোল স্কুলের ছাত্র। বিপিন বিহারী গাঙ্গুলী গা ঢাকা দিয়ে সেখানে লুকিয়ে রয়েছেন। দুকড়িবালা দেবী ছিলেন নিবারণ ঘটকের মাসিমা। স্বদেশি বই বেআইনী বই লুকিয়ে পড়বার সঙ্গে সঙ্গে বিপ্লবী আঙা দিতে নিবারণ মাসীমার বাড়িতে। বোনপো দুকড়িবালা তাঁকে খুবই ধমক দিলেন। কিন্তু নিবারণ তাঁকে একেবারে আমল দিলেন না। একদিন তাঁর বাড়িতে এসে উপস্থিত হলেন

